# ময়ূরপঙ্খী সম্মাননায় ভূষিত 'বাংলার মিস্টার বিন' খ্যাত রাশেদের হাসির জয়যাত্রায় নতুন পালক




সংগৃহীত ছবি

শিল্প, সংস্কৃতি ও সমাজসেবাসহ নানা ক্ষেত্রে অবদান রাখা গুণীজনদের সম্মান জানাতে ঢাকায় অনুষ্ঠিত হলো 'ময়ূরপঙ্খী স্টার অ্যাওয়ার্ড-২০২৫'। এবারের আয়োজনে জনপ্রিয় ম্যাজিশিয়ান ও কৌতুকশিল্পী রাশেদ শিকদার তাঁর অসাধারণ পারফরম্যান্সের স্বীকৃতি হিসেবে 'ময়ূরপঙ্খী স্টার অ্যাওয়ার্ড' অর্জন করেন। দর্শকদের কাছে 'বাংলার মিস্টার বিন' নামে পরিচিত এই শিল্পীর হাতে সম্মাননা তুলে দেওয়া হয় এক জমকালো অনুষ্ঠানের মধ্য দিয়ে।

গত শুক্রবার (২৫ জুলাই) রাতে বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের অডিটোরিয়ামে অনুষ্ঠিত এই আয়োজনে বিভিন্ন অঙ্গনের তারকাদেরও সম্মাননা প্রদান করা হয়। আয়োজনের পরিকল্পনা ও বাস্তবায়নে ছিল 'ময়ূরপঙ্খী ফাউন্ডেশন' ও 'ময়ূরপঙ্খী ইন্টারন্যাশনাল'। পুরো অনুষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধান ও উপস্থাপনায় ছিলেন ময়ূরপঙ্খী ইন্টারন্যাশনালের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান রুহিত সুমন।

LENS ASIA

রাশেদের হাতে পুরস্কার তুলে দেন বাংলাদেশ ট্যুরিস্ট পুলিশ কক্সবাজার রেঞ্জের অতিরিক্ত ডিআইজি মো. আপেল মাহমুদ এবং ময়ূরপঙ্খীর চেয়ারম্যান রুহিত সুমন।

পুরস্কারপ্রাপ্তির প্রতিক্রিয়ায় রাশেদ বলেন, "এই সম্মাননা আমার জন্য এক অসাধারণ অনুভূতি। এটি শুধু আমার ব্যক্তিগত অর্জন নয়; বরং আমার দীর্ঘদিনের পরিশ্রম, সাধনা এবং দর্শকদের ভালোবাসার প্রতিফলন। এই স্বীকৃতি আমাকে আরও দায়িত্বশীল করে তুলবে, যাতে ভবিষ্যতে আরও প্রাণবন্ত পারফরম্যান্স উপহার দিতে পারি।"

এছাড়া, সাংবাদিকতা জগতে অসামান্য অবদানের জন্য এনটিভির পরিচালক আলহাজ্ব নুরুদ্দিন আহমেদ-কে আজীবন সম্মাননায় ভূষিত করা হয়। অনুষ্ঠানটি উৎসর্গ করা হয় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের সাম্প্রতিক দুর্ঘটনায় নিহত শিক্ষার্থীদের স্মৃতির প্রতি।